২য় কৃষি সচিব এম আবদুল আজিজ এনডিসি মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি) রেজিষ্ট্রেশনের নিমিত্তে প্রস্তুতকৃত **MEMORANDUM OF ASSOCIATION AND RULES AND REGULATIONS** পর্যালোচনা এবং অনুমোদনের জন্য **Board of Trustees** এর সভার কার্য-বিবরণী।

সভাপতিঃ এম আবদুল আজিজ এনডিসি, সচিব, কৃষি মন্ত্রণালয়
তারিখঃ ২০/০৫/২০০৮ খ্রিঃ,
সময়ঃ অপরাহ্ন ০৩:০০ ঘটিকা
স্থানঃ কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

২০ মে, ২০০৮ খ্রিঃ তারিখে কৃষি সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি) রেজিষ্ট্রেশনের নিমিত্তে প্রস্তুতকৃত MEMORANDUM OF ASSOCIATION AND RULES AND REGULATIONS পর্যালোচনা এবং অনুমোদনের জন্য Board of Trustees এর এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট "ক"-তে সন্নিবেশিত হলো।

২। সভাপতি উপস্থিত সকল-কে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমোদনক্রমে কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (গবেষণা) সভার এজেন্ডাসমূহ সভায় উপস্থাপন করেন। অর্থ বিভাগ কর্তৃক প্রণীত এমওইউ এবং রেজুলিউশন মোতাবেক বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি) এর Board of Trustees এর প্রথম সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করেন।
প্রথম সভার কার্য-বিবরণী নিম্নরূপ সংশোধনী সাপেক্ষে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়ঃ

" অনুচ্ছেদ-৫ এর (খ) এবং (গ) এর সিদ্ধান্ত ২টি বিলুপ্ত হবে"

৩। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠানের গবেষণা পরিচালক ড. মোঃ আসাদুজ্জামান বলেন যে, অর্থ বিভাগ কর্তৃক প্রণীত এমওইউ এবং রেজুলিউশনের ভিত্তিতে কৃষি গবেষণা ফাউন্ডেশনের জেনারেল বডি কর্তৃক মনোনীত প্রতিনিধির নাম Board of Trustees-এ অন্তর্ভূক্তপূর্বক পুণরায় কমিটি গঠনের প্রজ্ঞাপন জারী করার জন্য বলেন।

৪। সভাপতি উপস্থিত সকল-কে বলেন যে, কৃষি গবেষণা ফাউন্ডেশনের জেনারেল বডি কর্তৃক মনোনীত প্রতিনিধির নাম Board of Trustees-এ অন্তর্ভূক্তপূর্বক পুণরায় কমিটি গঠনের প্রজ্ঞাপন জারী করা হবে এবং বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি) রেজিষ্ট্রেশনের নিমিত্তে প্রস্তুতকৃত MEMORANDUM OF ASSOCIATION AND RULES AND REGULATIONS পর্যালোচনা এবং অনুমোদনের জন্য Board of Trustee এর এক জরুরী সভা আগামী ২৫/০৫/২০০৮ খ্রিঃ তারিখ অপরাহ্ন ০৩:০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। সভায় উপস্থিত অন্য সদস্যগণ একমত পোষণ করেন।

৪। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহীত হয়ঃ

(ক) গত ২৭/০৪/২০০৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি গবেষণা এন্ডাউমেন্ট ট্রাষ্ট (বিকেজিইটি) এর Board of Trustees এর প্রথম সভার কার্য-বিবরণী অনুচ্ছেদ-২ এ বর্ণিত সংশোধনী সাপেক্ষে অনুমোদন করা হয়।

(খ) কৃষি গবেষণা ফাউন্ডেশনের জেনারেল বডি কর্তৃক মনোনীত প্রতিনিধির নাম Board of Trustees-এ অন্তর্ভূক্তপূর্বক পুণরায় কমিটি গঠনের প্রজ্ঞাপন জারী করার নিমিত্তে মন্ত্রণালয় কর্তৃক ড. এস এম হাসানুজ্জামান, চেয়ারম্যান,বোর্ড অফ ডাইরেক্টরর্স এবং জেনারেল বডি, কৃষি গবেষণা ফাউন্ডেশন, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা-কে পত্র দিতে হবে।

(গ) ট্রাষ্ট নিবন্ধনের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।

৫। পরিশেষে সভাপতি উপস্থিত সকল-কে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এম আবদুল আজিজ এনডিসি)
সচিব